

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
পশ্চিম ইউরোপ ও ইউরোপীয় ইউনিয়ন অনুবিভাগ
ঢাকা

নং- ১৯.০০.০০০০.৪৫৭.৩৬.৬০৩.১৭.৪৪

তারিখঃ ০৯ ফেব্রুয়ারি ২০২২

প্রাপকঃ ড. এ. কে. আব্দুল মোমেন, এম. পি.
মাননীয় পররাষ্ট্রমন্ত্রী
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়ঃ আগামী ১৮-২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখে জার্মানির মিউনিখে অনুষ্ঠিতব্য '58th Munich Security Conference' এবং ২২ ফেব্রুয়ারি ২০২২ তারিখে ফ্রান্সের প্যারিসে অনুষ্ঠিতব্য 'Ministerial Forum for the Cooperation in the Indo-Pacific'-এ বাংলাদেশ প্রতিনিধি দলের দলনেতা হিসেবে মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন, এম. পি. (সস্ত্রীক)-এর অনুকূলে জার্মানি ও ফ্রান্স সফরের প্রশাসনিক মঞ্জুরি।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে আগামী ১৮-২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখে জার্মানির মিউনিখে অনুষ্ঠিতব্য '58th Munich Security Conference' এবং ২২ ফেব্রুয়ারি ২০২২ তারিখে ফ্রান্সের প্যারিসে অনুষ্ঠিতব্য 'Ministerial Forum for the Cooperation in the Indo-Pacific'-এ বাংলাদেশ প্রতিনিধি দলের দলনেতা হিসেবে মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন, এম. পি. (সস্ত্রীক)-এর অনুকূলে জার্মানি ও ফ্রান্স সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উল্লিখিত মঞ্জুরির শর্তাবলি নিম্নরূপঃ

- ক) উক্ত সফরের নিমিত্ত আপনি ১৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখ বা এর নিকটবর্তী সময়ে জার্মানির উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ২৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখ বা এর নিকটবর্তী সময়ে ঢাকার উদ্দেশ্যে ফ্রান্স ত্যাগ করবেন;
- খ) সফরকালীন আপনি সরকারি কাজে কর্মরত আছেন বলে গণ্য হবেন এবং বেতন-ভাতার কোনো অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- গ) আপনি কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না;
- ঘ) সফরের ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের বাজেটের অর্থনৈতিক কোড '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়' থেকে সংকুলান করা হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরি আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত

স্বা:

(সমাপন বড়ুয়া)


সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৪৭১১০৬৪৬

ইমেইলঃ saseeu@mofa.gov.bd

অনুলিপিঃ (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। চিফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০২। মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম ইউরোপ ও ইইউ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। দূতালয় প্রধান, বাংলাদেশ দূতাবাস (বার্লিন/ প্যারিস)।
- ০৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয় (পররাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ০৭। অফিস কপি।


০৭.০২.২০২২

(সমাপন বড়ুয়া)

সিনিয়র সহকারী সচিব